Prudent management marks the affairs of Dinajpore Bank Ltd.—Hindusthan Standard.

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান,

"দিনাজপুর ব্যাঙ্ক লিঃ"

( সিডিউল্ড ও ক্লিয়ারিং )

হেড অফিস :— ১১, ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ :— জলপাইগুড়ি, রামপুরহাট, রায়গঞ্জ, জঙ্গিপুর, রাজসাহী, দিনাজপুর, পার্ব্বতীপুর, আলিপুর দুয়ার, ভবানীপুর ( কলিকাতা )

স্থায়ী আমানতের বিবরণ স্থানীয় ম্যানেজারের নিকট জ্ঞাতব্য

Managing Director :—J. M. Sen.
Ex. M. L. C.

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

মণিগ্রামের প্রসিদ্ধ

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন আবিষ্কৃত

সোণামুখী

কেশতৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৫ই ফাল্গুন বুধবার ১৩৫৪ ইংরাজী 18th Feb. 1948 { ৩৬শ সংখ্যা

আপনার

কম খরচার খাজাঞ্চী

ঢাকুরিয়া ব্যাঙ্কিং

করপোরেশন লিমিটেড

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোন : কলিকাতা ১৭৪৪ টেলিগ্রাম : ষ্ট্রংরুম

শাখাসমূহ

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ ), সোনারপুর।

| সুদের হার :— | | স্থায়ী আমানত :— |
|---|---|---|
| কারেন্ট | ১৲ শতকরা | ৩ মাসের জন্য ৩৷৹ টাকা শতকরা |
| সেভিংস | ৩৲ „ | ৬ „ „ ৪৲ „ „ |
| হোম- | | ১ বৎসরের „ ৫৲ „ „ |
| সেভিংস | ৩৲ „ | ২ „ „ ৫৷৹ „ „ |
| | | ৩ „ „ ৬৲ „ „ |

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জি এফ, আর, ই, এস ( লণ্ডন )

ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি ; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৫ই ফাল্গুন বুধবার সন ১৩৫৪ সাল

# মহাত্মাজীর দেহাবশেষ

—:০:—

মানবদেহের পরিণতি তিন প্রকার (১) মলমূত্র, (২) কীট, (৩) ভস্ম। যে দেহ কোনও জন্তু কর্ত্তৃক ভক্ষিত হয়, তাহার পরিণতি মলমূত্র। যদি কাহাকে ব্যাঘ্র প্রভৃতি হিংস্র জন্তুতে খাইয়া ফেলে, তবে তাহার দেহ সেই হিংস্র জন্তুর মল ও মূত্র রূপে পরিণত হয়। যদি কোনও মৃত ব্যক্তির দেহ সৎকার না করিয়া জলে নিক্ষেপ করা হয়, সেই দেহ মৎস্য, কূর্ম্ম প্রভৃতি জলজন্তুর আহার্য্য হইয়া মলমূত্রে পরিণত হয়। যদি কোনও দেহ শৃগাল শকুনে খাইবার সুযোগ পায়, সে দেহও মলমূত্রে রূপান্তরিত হয়।

যে সকল ধর্ম্মে মৃত-দেহের সমাধিস্থ করার ব্যবস্থা আছে, সেই মৃতদেহ মৃত্তিকার নীচে প্রোথিত অবস্থায় পচিয়া কীটে পরিণত হয়।

যাহাদের দেহ অগ্নিতে দাহ করা হয়, সে সকল দেহ ভস্মে পরিণত হয়। হিন্দুধর্ম্মাবলম্বী অধিকাংশ লোকেরই দেহ অগ্নিতে দগ্ধ করিয়া দেহের কিঞ্চিৎ অস্থি বা ভস্ম গঙ্গাদি পূত সলিলা নদীতে সমর্পণ করা হয়। তা' ছাড়া মৃতদেহ দাহনের পূর্ব্বে তাহাকে স্নান করান হয়। স্নান-কালে যে মন্ত্র পাঠ করা হয়, তাহাতে স্নানের জলে সকল পুণ্যতীর্থের আবাহন করা হয় যথা—

ওঁ গয়াদীনি চ তীর্থানি যে চ পুণ্যাঃ শিলোচ্চয়াঃ।
কুরুক্ষেত্রঞ্চ গঙ্গাঞ্চ যমুনাঞ্চ সরিদ্বরাম্।
কৌশিকীং চন্দ্রভাগাঞ্চ সর্ব্বপাপপ্রণাশিনীম্।
ভদ্রাবকাশং সরযূং পনসং গণ্ডকীস্তথা॥
বৈণবঞ্চ বরাহঞ্চ তীর্থং পিণ্ডারকস্তথা।
পৃথিব্যাং যানি তীর্থানি সরিতঃ সাগরাংস্তথা॥

যে জলাশয়ের বা নদীর তীরে দাহ করা হয়, সেই জলেই মন্ত্রের দ্বারা সমস্ত তীর্থ আবাহন করিয়া মৃতদেহ ধৌত করিয়া শ্মশানবন্ধুগণ তাঁহাদের কর্ত্তব্য শেষ করেন। মহাত্মাজীর দেহের জন্য তীর্থ আবাহন করিয়াও তাঁহার ভক্তগণ তৃপ্ত না হইয়া, দেহাবশেষ ভস্ম তীর্থে তীর্থে মহা-সমারোহে পুণ্যতোয়া নদী সমূহে অর্পণ করিয়া তবে তৃপ্তি লাভ করিয়াছেন। যিনি মহামনা, যাঁর আত্মা মহান্, তাঁহার আত্মার শান্তি অবশ্যম্ভাবী। এই অনুষ্ঠান সম্পন্ন করিয়া ভারতবাসীগণ নিজেরাই ধন্য হইয়াছেন।

ওঁ শান্তি! ওঁ শান্তি!! ওঁ শান্তি!!!

## জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান ভাইস-চেয়ারম্যান নির্ব্বাচন

মনোনীত সভ্যগণের পদ লোপ হওয়ায় চেয়ারম্যান শ্রীযুক্ত কুবেরচাঁদ হালদার এম-এল-এ মহাশয় আর সভ্য না থাকায় চেয়ারম্যানের পদ শূন্য হয়। সঙ্গে সঙ্গে ভাইস-চেয়ারম্যান পদও শূন্য হয়। নূতন নির্ব্বাচনে কবিরাজ শ্রীযুক্ত রোহিণীকুমার রায় বি-এ, কবিরত্ন মহাশয় চেয়ার-ম্যান ও শ্রীযুক্ত ভোলানাথ প্রামাণিক মহাশয় ভাইস-চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছেন।

## মহাত্মাজীর ভ্রাতুষ্পুত্রের মৃত্যু

গত ১১ই ফেব্রুয়ারী মহাত্মাজীর ভ্রাতুষ্পুত্র শ্রীজে, কে, গান্ধী হৃদ্‌যন্ত্রক্রিয়া বন্ধ হইয়া যাওয়ার ফলে তাঁহার মাদ্রাজ বাসভবনে মৃত্যুমুখে পতিত হইয়াছেন। তিনি সেখানকার একটী প্রতিষ্ঠানের ম্যানেজার ছিলেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৬৫ বৎসর হইয়াছিল।

## গান্ধীজীর চিতাভস্মবাহী তৃতীয় শ্রেণীর গাড়ী জাতীয় স্মৃতি হিসাবে রক্ষা করার ব্যবস্থা

'অস্থি স্পেশালের' তৃতীয় শ্রেণীর যে বগীখানির মধ্যে গান্ধীজীর পবিত্র চিতাভস্ম রাখিয়া দিল্লী হইতে এলাহাবাদ লইয়া যাওয়া হইয়াছিল ঐ বগীখানি জাতীয় স্মৃতি হিসাবে সংরক্ষিত হইবে। বগীখানি এখনও এলাহাবাদে রহিয়াছে। দুই একদিনের মধ্যেই উহা লিলুয়া কারখানায় প্রেরিত হইবে।

## শবদেহের মাংসভোজী মানুষ গ্রেপ্তার

কলিকাতা নিমতলা শ্মশানঘাটে শবদেহের মাংস ভক্ষণের সময় যতীন্দ্রনাথ মালাকার নামক জনৈক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়।

## দেশবন্ধু পাঠাগার

—:০:—

দেশবন্ধু পাঠাগারের গত বার্ষিক উৎসবে আমাদের কার্য্য-বিবরণী হইতে পাঠাগারের দারুণ অর্থ সঙ্কটের কথা জানিতে পারিয়া রঘুনাথগঞ্জের উদ্যোগী কর্ম্মীরা পাঠাগারের সাহায্যকল্পে "রামের সুমতি" অভিনয়ের ব্যবস্থা করেন এবং গত ২০শে ও ২১শে ডিসেম্বর ১৯৪৭ ইং অভিনীত হয়। এই অভিনয়কে সাফল্যমণ্ডিত করিবার জন্য যাঁহারা অক্লান্ত পরিশ্রম করিয়াছেন সেই সমস্ত কর্ম্মীদের, অভিনেতাদের, পৃষ্ঠপোষক-দের ও পাঠাগারের প্রতি সহানুভূতিসম্পন্ন ভদ্রমহোদয়দের আমি দেশবন্ধু পাঠাগারের পক্ষ হইতে আমাদের আন্তরিক ধন্যবাদ জানাইতেছি। এইরূপ অনুষ্ঠান করিতে হইলে নানাভাবে অনেকের সাহায্য লইতে হয়; কোন একটি বিশেষ প্রতিষ্ঠানের এককভাবে তাহা করা সম্ভবপর নহে। তাই যে সমস্ত মহাপ্রাণ ভদ্রমহোদয় আমাদের প্রয়োজনীয় আলো, চেয়ার, বেঞ্চ প্রভৃতি দিয়া আমাদিগকে সাহায্য করিয়াছেন আমি পুনর্ব্বার তাঁহাদিগকে আমার আন্তরিক ধন্যবাদ জানাইতেছি। আশা করি ভবিষ্যতে তাঁহাদের এইরূপ সাহায্য হইতে পাঠাগার কখনও বঞ্চিত হইবে না।

বিনীত—অবনীকুমার রায়
সম্পাদক, দেশবন্ধু পাঠাগার।

## দেশবন্ধু পাঠাগারের সাহায্যকল্পে "রামের সুমতি" অভিনয়ের হিসাব পরীক্ষার ফলাফল—

বিক্রীত টিকিটের মধ্যে

| | | |
|---|---|---|
| ৫৲ টাকার টিকিট বিক্রয় হইয়াছে | | ৫৫৲ |
| ২৲ টাকার | " | ২২০৲ |
| ১৲ টাকার | " | ১৮৩৲ |
| ৷০ আনার | " | ১৬১৷০ |
| মোট বিক্রয় | | ৬১৯৷০ |

বিক্রয়ের ফলাফল দেখিলে বোঝা যায় ২৲ টাকার ও ৷৹ আনার টিকিট বিক্রয়ের ফল মোটের উপর মন্দ নহে।

১৲ টাকার বহির মধ্যে রসিদ নম্বর ৩৫১ হইতে ৪০০ পর্য্যন্ত রসিদ (২খানি বহি) মোটেই বিক্রয় হয় নাই।

৷৹ আনার বহির মধ্যে রসিদ নম্বর ১০১ হইতে ১৫০ পর্য্যন্ত (২খানি বহি) ৪০১ হইতে ৫২৫ পর্য্যন্ত (৫খানি বহি) এবং ৫৫১ হইতে ৬০০ পর্য্যন্ত (২খানি বহি) মোটেই বিক্রয় হয় নাই।

৫৲ টাকার ৫০খানি রসিদ করা হইয়াছিল কিন্তু বিক্রয়ের ফল মোটেই সন্তোষজনক নহে। (মাত্র ১১খানি টিকিট বিক্রয় হই-য়াছে।)

২৲ টাকার রসিদ ১ হইতে ২০০ পর্য্যন্ত (৮খানি বহি) ছিল কিন্তু সর্ব্বসাকুল্যে মাত্র ১১০ খানি টিকিট বিক্রয় হইয়াছে।

১৲ টাকার রসিদ ১ হইতে ৪০০ পর্য্যন্ত (১৬খানি বহি) ছিল। বিক্রয় হইয়াছে মাত্র ১৮৩ খানি।

৷৹ আনার টিকিট ১ হইতে ৬০০ পর্য্যন্ত (২৪খানি বহি) ছিল। বিক্রয়ের পরিমাণ মাত্র ৩২৩ খানি।

আলোচনা করিয়া দেখা যায় সন্তোষজনক বিক্রয় হয় নাই। ২ রাত্র অভিনয়ে মোট খরচ হইয়াছে ৩৩৩৷৶৬ পাই। ইহার মধ্যে মণ্ডপ ও অভিনয় মঞ্চ তৈয়ার করিতে খরচ হইয়াছে ১৬০৷৹ আনা। এই খরচ কিছু কম হইলে পাঠাগার বেশী উপকৃত হইত।

আয় হইতে সর্ব্বসাকুল্য ব্যয় বাদ দিলে উদ্বৃত্ত মাত্র দেখা যায় ২৮৫৵৬ পাই মাত্র।

আয় ব্যয়ের হিসাব যেভাবে রাখা হই-য়াছে তাহা বেশ সন্তোষজনক। প্রত্যেকটী সিদ ও খরচের ভাওচার দেখিলাম ঠিক াছে।

দেশবন্ধু পাঠাগারের কর্ত্তৃপক্ষগণ এবং অভিনয়ের উদ্যোক্তাগণ যে পরিশ্রম করিয়া পাঠাগারকে সাহায্য করিয়াছেন তাহা সত্যই প্রশংসার যোগ্য।

Sd/- Nalini Kumar Sen
Auditor Co-operative Societies
Jangipur.
13. 1. 48.

## সরস্বতী পূজা

এ বৎসর জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জে প্রায় ৩০।৩৫খানি সরস্বতী পূজা হইয়াছে। সকল স্থানেই বিপুল উৎসাহের সহিত পূজার্চ্চনা ও প্রসাদ বিতরণ হইয়াছে। ইহা ছাড়া মহকুমার প্রায় প্রতি গ্রামেই উক্ত পূজানুষ্ঠান হইয়াছে। আমরা পূজানুষ্ঠান কর্ত্তৃপক্ষকে গ্রামে গ্রামে নিরক্ষরতা দূরীকরণের জন্য সচেষ্ট হইতে অনুরোধ করিতেছি।

## মহাত্মার পবিত্র চিতাভস্ম বিসর্জ্জন দিবসে শোক সভা

বিগত ১২ই ফেব্রুয়ারী বৃহস্পতিবার বৈকালে রঘুনাথ-গঞ্জ সদরঘাট হইতে এক বিরাট শোক-শোভাযাত্রা বাহির হয় এবং সহর প্রদক্ষিণ করিয়া সার্ব্বজনীন পূজা ময়দানে সমবেত হয়। সভাস্থলে গান্ধীজীর একখানি প্রতিকৃতি পুষ্পশোভিত করিয়া উহার পাদমূলে ধূপধুনা প্রজ্জলিত করা হয়। এই অনুষ্ঠানে বিভিন্ন ধর্ম্মশাস্ত্র পাঠ হয় ও 'রামধুন সঙ্গীত,' রবীন্দ্র-সঙ্গীত ও কীর্ত্তন গান গীত হয়। সভা-শেষে জঙ্গিপুর মহকুমা রাষ্ট্রীয় সমিতির সম্পাদক শ্রীযুক্ত দুর্গাশঙ্কর শুকুল মহাশয় উপস্থিত জনগণকে মহাত্মার কার্য্যপ্রণালী ও উপদেশসমূহ পালন করিবার জন্য অনুরোধ করেন। এই দিন অফিস, আদালত, বিদ্যালয় ও বাজারের সমস্ত ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ ছিল।

## দরিদ্রনারায়ণ সেবা

মহাত্মাজীর পবিত্র চিতাভস্ম বিসর্জ্জন উপলক্ষে রঘুনাথগঞ্জ সার্ব্বজনীন পূজা ময়দানে বহু লোককে উদর তৃপ্ত করিয়া ভোজন করান হইয়াছিল। এই কার্য্যের সমুদয় ব্যয় স্থানীয় ব্যবসায়ী শ্রযুক্ত কেশরীচাঁদ বোথরা মহাশয় বহন করিয়াছেন।

বাড়ালা রামদাস সেন উচ্চ ইংরাজী বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীযুক্ত পাঁচুগোপাল মুখোপাধ্যায় মহাশয়ের উদ্যোগে এবং গ্রামবাসিগণের সাহায্য ও চেষ্টায় প্রায় ১২০০ বার শত লোককে খাওয়ান হইয়াছিল।

মুর্শিদাবাদ জেলা ও জঙ্গিপুর মহকুমা কংগ্রেস কমিটীর সহ-সভাপতি শ্রীযুক্ত বিজয়কুমার ঘোষাল মহাশয়ের ঐকান্তিক চেষ্টা ও উদ্যোগে তাঁহার স্বগ্রাম সিদ্ধিকালীতে বহু লোককে তৃপ্তি সহকারে ভোজন করান হইয়াছে।

শ্রীযুক্ত নারায়ণচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের চেষ্টায় সেগুা গ্রামে অনেক লোককে ভোজন করান হইয়াছে।

সুতী থানার বাজিতপুর ইউনিয়ন প্রাথমিক কংগ্রেস কমিটীর সম্পাদক শ্রীযুক্ত রিপুঞ্জয় চৌধুরী মহাশয়ের চেষ্টায় প্রায় ১৫০০ শত হিন্দুমুসলমানকে ভূরি-ভোজন করান হইয়াছে। বাজিতপুর ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট সাজিরুদ্দিন বিশ্বাস সাহেবও উক্ত বিষয়ের প্রধান উদ্যোক্তা ছিলেন।


## বিজ্ঞাপন

মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্ট বোর্ডের অধীন গুজারঘাট সকল ডিষ্ট্রীক্ট বোর্ডের চেয়ারম্যান বাহাদুর কর্ত্তৃক নীলাম ডাকে এক বৎসর মিয়াদে অর্থাৎ ১৯৪৮-৪৯ সালের জন্য ইজারা বন্দোবস্ত হইবে। নীলামের তারিখ, সময় ও স্থান নিম্নে দেওয়া হইল। বিশেষ বিবরণ বা কোন জ্ঞাতব্য বিষয় ডিষ্ট্রীক্ট বোর্ড অফিসে অনুসন্ধান করিলে জানিতে পারা যাইবে।

নীলাম কর্ত্তা—ডিষ্ট্রীক্ট বোর্ডের চেয়ারম্যান বাহাদুর।

নীলামের স্থান—মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্ট বোর্ডের অফিস (বরুয়া কুঠি)

নীলামের তারিখ—৩রা মার্চ্চ মোতাবেক ১৯শে ফাল্গুন, বুধবার।

নীলামের সময়—বেলা ১২টা হইতে

স্বাক্ষর এস, এন, সিংহ,
চেয়ারম্যান,
মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্ট বোর্ড।
তাং ১৪ই ফেব্রুয়ারী, ১৯৪৮।

১৩৫৫ সালের নূতন পঞ্জিকা

পূর্ণচন্দ্র, পি-এম-বাগচী, গুপ্তপ্রেস ও হাফ পঞ্জিকা পণ্ডিত প্রেসে পাইবেন।

## সুলভ আয়ুর্ব্বেদীয় কুটীর

এই স্থানে আয়ুর্ব্বেদমতে তরুণ ও পুরাতন এবং বহুবিধ জটিল ব্যাধির চিকিৎসা হইয়া থাকে। যাঁহারা অন্যস্থানে চিকিৎসা করাইয়া কোনও ফল পান নাই সেই সব রোগীকে আমার চিকিৎসা পরীক্ষা করিতে অনুরোধ করি।

দি মডার্ণ আয়ুর্ব্বেদিক কার্য্যালয় ও বিদ্যালয়
হইতে উপাধি প্রাপ্ত

**কবিরাজ শ্রীবৈদ্যনাথ চক্রবর্ত্তী,**
এম, আয়ুর্ব্বেদজ্ঞ
গাজিন, পোঃ নূরপুর, ( মুর্শিদাবাদ )

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী


জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১।০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

হাতে কাটা
[illegible]শুদ্ধ পৈতা
মূল্য ছয় পয়সা
পণ্ডিত প্রেসে পাইবেন।




দি ওয়ার্ম ইণ্ডিকা ( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি-রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত